গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭২.১০১.০১.১৭- ৬৮৯ তারিখঃ ২৭.১২.২০১৭খ্রিঃ

বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি (এইচপিএনএসপি)'র আওতায় "হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট" শীর্ষক অপারেশনাল প্ল্যানের অধীন সৃষ্ট পদে আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত।

জনাব

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন "হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট"(কোড ৫-২৭১১-৫০১৮)"শীর্ষক অপারেশনাল প্ল্যানের অনুকূলে অর্থ বিভাগ, অর্থমন্ত্রণালয়ের বাজেট অনুবিভাগ-১, শাখা-৪ এর উন্নয়ন প্রকল্পের পদ/জনবল নির্ধারণ কমিটির সুপারিশের ভিত্তিতে অনুমোদিত অপারেশনাল প্ল্যানের অধীনে সৃষ্ট নিম্নলিখিত পদে আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োগের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলোঃ

লাইন ডাইরেক্টর অফিস(এইচএসএম)

| ক্রমিক | পদের নাম | পদ সংখ্যা | সাকুল্যে বেতন ক্রম (গ্রেড) | নিয়োগ পদ্ধতি |
|---|---|---|---|---|
| ১ | অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর | ০৩(তিন) | গ্রেড-১৬ | আউট সোর্সিং |
| ২ | ড্রাইভার | ০৮(আট) | গ্রেড-১৬ | আউট সোর্সিং |
| ৩ | ষ্টোর কিপার | ০১ (এক) | গ্রেড-১৬ | আউট সোর্সিং |
| ৪ | অফিস সহায়ক (এমএলএসএস) | ০৬ (ছয়) | গ্রেড-২০ | আউট সোর্সিং |
| | মোট | = ১৮(আঠার)টি | | |

কোয়ালিটি কন্ট্রোল প্রোগ্রাম

| ক্রমিক | পদের নাম | পদ সংখ্যা | সাকুল্যে বেতনক্রম (গ্রেড) | নিয়োগ পদ্ধতি |
|---|---|---|---|---|
| ১ | ড্রাইভার | ০১ (এক) | গ্রেড-১৬ | আউট সোর্সিং |
| ২ | অফিস সহায়ক (এমএলএসএস) | ০১ (এক) | গ্রেড-২০ | আউট সোর্সিং |
| | মোট | = ০২ (দুই) টি | | |

হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট আউট সোর্সিং (নব নিয়োগ)

| ক্রমিক | পদের নাম | পদ সংখ্যা | সাকুল্যে বেতনক্রম (গ্রেড) | নিয়োগ পদ্ধতি |
|---|---|---|---|---|
| ১ | এ্যাম্বুলেন্স ড্রাইভার (জেলা হাসপাতাল, মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল) | ৫০ (পঞ্চাশ)টি | গ্রেড-১৬ | আউট সোর্সিং |
| | মোট | = ৫০ (পঞ্চাশ)টি | | |

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

তবে শর্ত থাকে যে,

ক. অনুমোদিত পদে জনবল নিয়োগে প্রচলিত সরকারী নিয়ম/বিধি যথাযথভাবে পালন করতে হবে;

খ. এই নিয়োগে প্রযোজ্য ক্ষেত্রে সরকারি নিয়োগ সংক্রান্ত প্রচলিত সমস্ত বিধি-বিধান, শিক্ষাগত যোগ্যতা এবং জেলা, মুক্তিযোদ্ধা, মহিলা, ক্ষুদ্র নৃগোষ্ঠি কোটা যথাযথভাবে অনুসরণ করতে হবে;

গ. Outsourcing এর মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা যাবেনা। কোন কোম্পানীর/ প্রতিষ্ঠানের সঙ্গে জনবল সরবরাহের চুক্তি করতে হবে। কোম্পানী/প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে স্বচ্ছতা ও প্রতিযোগীতা নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ-৫ অধিশাখার আউটসোর্সিং সংক্রান্ত নীতিমালা যথাযথভাবে (অম/অবি/ব্যঃনিঃ-৫/বিবিধ-১/২০০৭/৫৯৭, তারিখঃ-০৭/০৮/২০০৮খ্রিঃ) অনুসরণ করতে হবে।

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩

লাইন ডাইরেক্টর
হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

নং-৪৫.০০.০০০০.১৭২.১০১.০১.১৭- ৬৮৫

তারিখঃ ২৭.১২.২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। যুগ্মসচিব (এফএমএইউ), স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

27.12.2017

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
*www.mohfw.gov.bd*

স্মারক নং-৪৫.০০.০০০০.১৭২.১১.০০১.১৭- ৬৮২ তারিখঃ ২৭.১২.২০১৭খ্রিঃ

বিষয়: মেটারনাল, নিউনেটাল, চাইল্ড এন্ড এডোলেসেন্ট হেলথ্ শীর্ষক অপারেশনাল প্ল্যানের অনুকূলে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার লক্ষ্যে প্রস্তাবিত পদসমূহ পূরণে নিয়োগ তফসিলের প্রশাসনিক অনুমোদন প্রসংগে।

সূত্র: স্বা:অধি:/ইপিআই/প্রশা-৩৫৪/২০১৭/২১৩, তারিখ : ০৫.১২.২০১৭খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অনুকূলে ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি (HPNSP)'র (২০১৭-২০২২) অধীন মেটারনাল, নিউনেটাল, চাইল্ড এন্ড এডোলেসেন্ট হেলথ্ শীর্ষক অপারেশনাল প্ল্যানের পদ/জনবলের নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার নিমিত্ত গত ১১.১২.২০১৭ তারিখে ৪৫.০০.০০০০.১৭২.০০২.০১৫.১৭-৩০৯ স্মারকে ১-১০ গ্রেড পর্যন্ত এবং গত ১১.১২.২০১৭ তারিখে ৪৫.০০.০০০০.১৭২.০০২.০১৫.১৭-৩১০ স্মারকে ১১-২০ গ্রেড পর্যন্ত জনবল নিয়োগ/বাছাই কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির মাধ্যমে পদসমূহ পূরণ করার জন্য নিম্নোক্ত শর্তে নিয়োগ তফসিলের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো:

| লাইন ডাইরেক্টর অফিস (এমএনসিএন্ডএএইচ)/ইপিআই প্রোগ্রাম | | | |
|---|---|---|---|
| পদের নাম | পদ সংখ্যা | সাকুল্য বেতনক্রম (গ্রেড) | নিয়োগ পদ্ধতি |
| আইটি স্পেশালিষ্ট | ০১(এক) টি | গ্রেড-৯ | সরাসরি |
| বাজেট এ্যাসিসটেন্ট | ০১(এক) টি | গ্রেড-১৪ | সরাসরি |
| ষ্টোর কিপার | ০২ (দুই)টি | গ্রেড-১৪ | সরাসরি |
| এমএইচপ্রোগ্রাম | | | |
| একাউন্টেন্ট | ০১(এক) টি | গ্রেড-১৪ | সরাসরি |
| সর্বমোট | ০১(এক) টি | | |
| এএইচএন্ডএসএইচ প্রোগ্রাম | | | |
| একাউন্টেন্ট | ০১(এক) টি | গ্রেড-১৪ | সরাসরি |
| সর্বমোট | = ০৬(ছয়)টি | | |

২। শর্তসমূহ :

(ক) এই নিয়োগের ক্ষেত্রে অনুমোদিত নিয়োগ তফসিল এবং সরকারী নিয়োগ সংক্রান্ত প্রচলিত সমস্ত বিধি-বিধান যথা-বয়স, শিক্ষাগত যোগ্যতা এবং মুক্তিযোদ্ধা কোটাসহ অন্যান্য প্রচলিত কোটা পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(খ) নিয়োগ তফসিলে বর্ণিত পদসমূহের বেতনভাতা সাকুল্য (কনসোলিডেটেড পে) বেতনে চুক্তি ভিত্তিক (শুধু প্রকল্প চলাকালীন সময়ের জন্য) করতে হবে। প্রকল্পের মেয়াদ শেষে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং নিয়োগ পত্রই অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে;

(গ) প্রকৃত শূন্য পদ ব্যতিরেখে কোন পদে নিয়োগ প্রদান করা যাবে না;

(ঘ) গঠিত নিয়োগ কমিটির অনুমোদন ছাড়া কোন পদে নিয়োগ প্রদান করা যাবে না;

(ঙ) পূরণকৃত পদ পুনরায় শূন্য হলে নিয়োগের পূর্বে এ বিভাগের যথাযথ অনুমোদন গ্রহণ করতে হবে;

(চ) প্রযোজ্য ক্ষেত্রে অর্থবিভাগের ব্যয়নিয়ন্ত্রণ অধিশাখার আউটসোর্সিং সংক্রান্ত নীতিমালা,২০০৮যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(ছ) এ ছাড়াও সুপারিশকৃত পদে জনবল সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকারী প্রচলিত অন্যান্য নিয়ম/বিধি প্রতিপালন করতে হবে;

(জ) নিয়োগ সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালন বা অন্য কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর ব্যক্তিগতভাবে দায়ী থাকবে।

27.12.2017

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোন: ৯৫৪৯৫৪০

লাইন ডাইরেক্টর
মেটারনাল, নিউনেটাল, চাইল্ড এন্ড এডোলেসেন্ট হেলথ্,
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি ঃ

১. অতিরিক্ত সচিব (আ:ব্য:অ:), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

অপরপৃষ্ঠা দ্রষ্টব্য

২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।